
# কেন প্রতারণার বিভিন্ন ধরণগুলি এত বিপজ্জনক?



প্রতারকরা (স্ক্যামাররা) কখনো কখনো প্রতারণার সংমিশ্রণ ঘটিয়ে প্ররোচিত করার কৌশল ব্যবহার করে!



## ধারাবাহিকতা

লোকেরা এমনভাবে আচরণ করে যা তাদের অতীতের সিদ্ধান্ত বা আচরণের সাথে মেলে। বিনিয়োগ সংক্রান্ত প্রতারণায়, লোকেরা তাদের প্রাথমিক বিনিয়োগের পরে আরও বিনিয়োগ করতে সম্মত হতে পারে।

## পছন্দ

প্রতারকরা আকর্ষণীয় প্রোফাইল তৈরি করে যা লক্ষ্যগুলিকে (টারগেটগুলিকে) আকর্ষণ করে। ইন্টারনেট-প্রেম সংক্রান্ত প্রতারণায়, তারা শিকারকে আবেগপূর্ণ ভাষায় সম্বোধন করে।






## সামাজিক প্রমাণ

মানুষ অন্যদের কাজ এবং আচরণ দেখে নিজেদের কার্যক্রম নির্ধারণ করে। ই-কমার্স সংক্রান্ত প্রতারণায়, ভুক্তভোগীরা পণ্যের রেটিং এবং পর্যালোচনা দেখে, যা প্রতারকদের দ্বারা জাল হতে পারে।

## পারস্পরিকতা

মানুষ অনুগ্রহ ফিরিয়ে দিতে বাধ্য বোধ করে। চাকরি সংক্রান্ত প্রতারণায়, প্রতারকরা মানুষকে নিযুক্ত করার বা সহজে অর্থ উপার্জনের একটি উপায়ের প্রস্তাব দিতে পারে।






## কর্তৃপক্ষ

প্রতারকরা কখনো কখনো পুলিশ, ব্যাঙ্ক এবং টেলিকমিউনিকেশন কোম্পানির মতো অনুমোদিত কর্মীদের ছদ্মবেশ ধারণ করে।

## অভাব

প্রতারকরা সময় নেই বলে চাপ দেয় বা জরুরিতা দেখিয়ে প্ররোচিত করে, যেমন তারা বলে যে একটি সময়সীমার মধ্যে লোকেদের তাদের নির্দেশাবলী অনুসরণ করতে হবে।



**ORGANISED BY:**

CENTRE FOR ADVANCED PSYCHOLOGICAL SCIENCES

# প্ররোচনার বিভিন্ন কৌশলগুলির জন্য: আপনি কি না বলতে পারেন?

এখানে সিঙ্গাপুরের বড় ধরণের প্রতারণার কিছু উদাহরণ রয়েছে।

## তাকে একটি ভাল বেতনের চাকরির প্রস্তাব দেওয়া হয়েছিল কিন্তু পরিবর্তে, তিনি S$৩০০,০০০ এর বেশি হারান

**চাকরি সংক্রান্ত প্রতারণা**

SCAN FOR MORE

ভুক্তভোগীদের কাছ থেকে অনুরূপ প্রতারণার উদ্ধৃতি (ScamAlert.sg)

**যে প্ররোচনার কৌশল ব্যবহার করা হয়েছিল আপনি কি তা সনাক্ত করতে পারেন?**

"... প্রতারক আমাকে মিশন বাড়াতে তার অ্যাকাউন্ট ব্যবহার করার প্রস্তাব দিয়েছে..."

"(প্রতারক) আমাকে বলেছিল যে সে আমাকে $৫,০০০ ধার দিতে পারে..."

"তারা বলতে থাকে যে ৪৫টি অর্ডারের সবগুলি শেষ করতে হবে নাহলে আপনার অ্যাকাউন্ট ফ্রিজ হয়ে যাবে।"

"অর্ডারগুলির দাম আরো বেশি বাড়তে শুরু করেছে, এবং অর্ডারগুলি সম্পূর্ণ করার জন্য লোকটি আমাকে টাকা যোগাড় করার জন্য তাড়াহুড়ো করতে থাকে কারণ এটির একটি সময়সীমা রয়েছে।"

"আরো কাজ করার জন্য এবং আরো কমিশন পাওয়ার জন্য তারা (আমাকে) রিচার্জ করতে বা টপ-আপ করতে বলে(বলতে থাকে)।"

"তারপর সে আমাকে একটি গ্রুপ চ্যাটে যোগদান করায় ... তারা তাদের উপার্জন সংক্রান্ত তথ্য শেয়ার করে এবং তা নিয়ে গর্ব করে।"

"... আমি অংশগ্রহণকারীদের একজনকে জিজ্ঞাসা করেছিলাম... তাকে খুব সহায়ক বলে মনে হচ্ছে...'

*উত্তর: ব্যবহৃত প্ররোচনা কৌশলগুলি হল পারস্পরিকতা, অভাব, ধারাবাহিকতা এবং সামাজিক প্রমাণ।

## আপনি একটি "পুরস্কার" জিতেছেন!

**ব্যাংক সম্পর্কিত নয় এমন ব্যাক্তিগত তথ্য কম্পিউটারের মাধ্যমে চুরি করার (ফিশিং) প্রতারণা**

SCAN FOR MORE

ভুক্তভোগীদের কাছ থেকে অনুরূপ প্রতারণার উদ্ধৃতি (ScamAlert.sg)

**যে প্ররোচনার কৌশল ব্যবহার করা হয়েছিল আপনি কি তা সনাক্ত করতে পারেন?**

"তারপর আমি "SingPost" থেকে একটি ম্যাসেজ পেয়েছি।"

" amazon.com থেকে বলে দাবি করে এমন একজনের কাছ থেকে আমি একটি কল পেয়েছি।"

"আমার ইমেইলে যে ভেরিফিকেশন নম্বরটি এসেছে আমি তাকে তা দিয়েছি। ... কার্ডের পিছনের পিন সহ কার্ডের সমস্ত বিবরণ দেওয়া হয়েছে।"

**উত্তর: কর্তৃত্ব এবং ধারাবাহিকতা

**ORGANISED BY:**

CENTRE FOR ADVANCED PSYCHOLOGICAL SCIENCES


# ক্রেতা, বিক্রেতা বা প্রতারক?

**ই-কমার্স সম্পর্কিত প্রতারণা**

SCAN FOR MORE

ভুক্তভোগীদের কাছ থেকে অনুরূপ প্রতারণার উদ্ধৃতি (ScamAlert.sg)


**যে প্ররোচনার কৌশল ব্যবহার করা হয়েছিল আপনি কি তা সনাক্ত করতে পারেন?**



"... আমার খুব তাড়াতাড়ি ফ্রিজটির দরকার ছিল এবং তারা দাবি করেছিল যে একই দিনে ডেলিভারি করতে পারবে, আর আমি এটার জন্য তাদের খপ্পরে পড়ে গেলাম।"

"আইটেমটির জন্য কোন ডেলিভারি ফির প্রয়োজন ছাড়াই $৩৫০ এ প্রস্তাব দেওয়া হয়েছিল।' সে $৩০০ এ দেওয়ার জন্য পাল্টা প্রস্তাব করেছিল ... সে $২০০ জমা দেওয়ার প্রস্তাব দিয়েছিল ... আমি $২০০ ট্রান্সফার করেছিলাম ..."

"আমি (একটি প্রাইভেট ব্যাঙ্ক অ্যাকাউন্টে) $৩৫০ ট্রান্সফার করেছি... পরে, বিক্রেতা (আমাকে) ম্যাসেজ করেছিল যে আইটেমটি ডেলিভারি করার জন্য ডেলিভারি বিভাগের জন্য ইন্সুরেন্স ফি প্রয়োজন এবং এটি ডেলিভারির পরে ফেরতযোগ্য... তারপর ইন্সুরেন্স ফি "মাফ" করার জন্য ২টি সিম (SIM) কার্ড কিনতে বলা হয়েছে।



*উত্তর: পারস্পরিকতা এবং ধারাবাহিকতা

# আপনার ব্যক্তিগত তথ্য কম্পিউটারের মাধ্যমে চুরি করার (ফিশিং) প্রতারণা

**ব্যাঙ্ক-সম্পর্কিত আপনার তথ্য কম্পিউটারের মাধ্যমে চুরি করার (ফিশিং) প্রতারণা**


SCAN FOR MORE

ভুক্তভোগীদের কাছ থেকে অনুরূপ প্রতারণার উদ্ধৃতি (ScamAlert.sg)


**যে প্ররোচনার কৌশল ব্যবহার করা হয়েছিল আপনি কি তা সনাক্ত করতে পারেন?**



"শনিবার দুপুরে, আমি বিদেশে ছিলাম এবং DBS লোগো থাম্বনেইল সহ Whatsapp এর মাধ্যমে একটি অচেনা কল পেয়েছিলাম।"



"(প্রতারক বলেছে) যেহেতু ক্রেডিট কার্ডের ঋণ পরিশোধ করা হয় নাই আমি ২ ঘন্টার মধ্যে ঋণ পরিশোধ না করলে আমার জরিমানা হবে।"



"আমি তাকে আমার NRIC নম্বর দিয়েছিলাম... সে আমার কার্ডের তথ্য তাকে দিতে বলেছিল ... অবশেষে আমি তাকে আমার কার্ডের তথ্য দিয়েছিলাম।"

**উত্তর: কর্তৃত্ব, অভাব এবং ধারাবাহিকতা

## আপনি কি জানতেন?

সাম্প্রতিক OCBC ব্যাঙ্ক প্রতারণায় এই তিনটি কৌশল ব্যবহার করা হয়েছিল। ম্যাসেজগুলির কোথায় প্রতিটি কৌশল ব্যবহার করা হয়েছে আপনি কি তা চিহ্নিত করতে পারেন?

"আপনার OCBC অ্যাকাউন্টের লেনদেন স্থগিত করা হয়েছে, দয়া করে ২৮শে ডিসেম্বর এটি আপডেট করুন, তা না করলে অ্যাকাউন্টটি বন্ধ হয়ে যাবে। অনুগ্রহ করে অ্যাক্সেস করুন (URL লিঙ্ক)।"

SCAN FOR MORE

ইঙ্গিত: OCBC ছদ্মবেশ ধারণ করার সময় 'কর্তৃপক্ষ' ব্যবহার করা হয়। একটি উদাহরণ হল একটি বৈধ URL লিঙ্ক যুক্ত করা হয়েছে।

ORGANISED BY:

CENTRE FOR ADVANCED PSYCHOLOGICAL SCIENCES